

কালের কন্ঠ ২২.০৩.১৭

✓ মিরসরাই অর্থনৈতিক অঞ্চল

অবকাঠামো উন্নয়নের কাজ পেল ইস্ট ওয়েস্ট প্রপার্টি

নিজস্ব প্রতিবেদক ▷

চট্টগ্রামের মিরসরাইয়ে দেশের সর্ববৃহৎ অর্থনৈতিক অঞ্চলের অবকাঠামো উন্নয়নের কাজ পেল বসুন্ধরা গ্রুপ। দেশের বৃহত্তম এই শিল্পগোষ্ঠীর অঙ্গপ্রতিষ্ঠান ইস্ট ওয়েস্ট প্রপার্টি ডেভেলপমেন্ট লিমিটেডের সঙ্গে সেখানে যৌথভাবে কাজ করবে সিকদার গ্রুপের পাওয়ারপ্যাক ও গ্যাসমিন লিমিটেড। এ জন্য ইস্ট ওয়েস্ট-পাওয়ারপ্যাক-গ্যাসমিন নামের একটি কনসোর্টিয়াম গঠন করা হয়েছে। তারা সেখানে 'এসবিজি' অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করবে। এটি হবে দেশের সর্ববৃহৎ শিল্প সিটি। এই কনসোর্টিয়ামের পক্ষ থেকে লিজ মানি হিসেবে গতকাল মঙ্গলবার বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষকে (বেজা) ৪০ কোটি টাকার চেক হস্তান্তর করা হয়েছে।

গতকাল বিকেলে সোনারগাঁও হোটেলে আয়োজিত বর্ণাঢ্য অনুষ্ঠানে এই তিন প্রতিষ্ঠানের সমন্বয়ে গঠিত এসবিজি কনসোর্টিয়ামকে আনুষ্ঠানিকভাবে লেটার অব অ্যাওয়ার্ড (এলওএ) প্রদান করেছে বেজা। এসবিজির পক্ষে তা গ্রহণ করেন কনসোর্টিয়ামের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) মাহাবুবুর রহমান।

বেজার নির্বাহী চেয়ারম্যান পবন চৌধুরী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। প্রধান

▶▶ পৃষ্ঠা ৮ ক. ২ ছবি ▶ পৃষ্ঠা ৩